



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/ বিঅ/বরি- ১৬১/২০১৫/৯৯৬৯

তারিখ : ০৫/০৮/১৫

বিষয় : স্বীকৃতি নবায়ন

সূত্র : (ক) পরিদর্শন কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন।

(খ) চেয়ারম্যান মহোদয়ের ২৯/০৪/২০১৫ তারিখের অনুমোদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্ন বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে জনতা মাধ্যমিক বিদ্যালয়, ডাকঘর : নরসিংহপুর, উপজেলাঃ হিজলা, জেলাঃ বরিশাল - এর মাধ্যমিক পর্যায়ের স্বীকৃতির মেয়াদ ০১/০১/২০১৩ তারিখ হতে ৩১/১২/২০১৫ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য নবায়ন করা হলো। নিম্নে আরোপিত শর্তসমূহ পূরণ পূর্বক যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পাওয়া গেলে পরবর্তী নবায়নের বিষয় বিবেচিত হবে।

আরোপিত শর্তসমূহ :

- ০১। নিয়মিত এ্যাসেম্বলী অনুষ্ঠান ও জাতীয় পতাকা উত্তোলন এবং জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে বিদ্যালয়ের কার্যক্রম শুরু করতে হবে।
- ০২। বিদ্যালয়ের সকল শিক্ষক ও কর্মচারীর নিয়মিত যথাসময়ে উপস্থিত হয়ে হাজিরা খাতায় স্বাক্ষর নিশ্চিত করতে হবে।
- ০৩। বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী শ্রেণীকক্ষে পাঠদান করতে হবে।
- ০৪। S/B/A ও সৃজনশীল বিষয়ে শিক্ষার্থীদের মনোযোগী করে তুলতে হবে।
- ০৫। বিদ্যালয়ের কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি, ভর্তিকৃত শিক্ষার্থীর শিক্ষার গুণগত মান নিশ্চিত সহ ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ এবং তার ৫০% পরীক্ষায় পাস করতে হবে।
- ০৬। পর্যায়ক্রমে বিদ্যালয়ের সকল শিক্ষককে কম্পিউটারের উপর প্রশিক্ষণ নিতে হবে।
- ০৭। ভর্তি রেজিঃ শিক্ষার্থীর সকল তথ্য প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা সনদপত্রের আলোকে বাংলা ও ইংরেজিতে লিপিবদ্ধ করতে হবে।
- ০৮। ইভটিজিং এবং জঙ্গীবাদ প্রতিরোধে কার্যকরী ব্যবস্থা নিতে হবে।
- ০৯। বিদ্যালয়ের সকল কার্যক্রম অন লাইনে সম্পন্ন করতে হবে।
- ১০। বিদ্যালয়ের সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ জমা করে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বোর্ডকে অবহিত করতে হবে।
- ১১। কর্তৃপক্ষের আদেশ মেনে বিদ্যালয় পরিচালনা করতে হবে।

প্রধান শিক্ষক


জনতা মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘর : নরসিংহপুর

উপজেলাঃ হিজলা, জেলাঃ বরিশাল


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল



অবগতি ও কার্যার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।
- ০২। জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
- ০৩। সিস্টেম এনালিস্ট, অত্র বোর্ড, বিজ্ঞপ্তিটি বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৪। একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৪। মাধ্যমিক নিবন্ধন বিভাগ।
- ০৫। অত্র বোর্ডের পরীক্ষা বিভাগ।
- ০৬। সংরক্ষণ নথি